দৈনিক খবর

তারিখ 18 DEC 1991 পৃষ্ঠা ৭

# ক্যাম্পাসে ছাত্র—পুলিশ সংঘর্ষ ঃ কাঁদানে গ্যাস

।। ষ্টাফরিপোর্টার।।

গতকাল মঙ্গলবার রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সার্জেন্ট জহরুল হক হল সংসদের সাবেক সাধারণ সম্পাদক ও ছাত্রলীগ নেতা মোশাররফ হোসেন রাজাকে পুলিশ গ্রেফতার করার প্রতিবাদে ক্যাম্পাসে কয়েক দফা ছাত্র পুলিশ সংঘর্ষ হয়েছে। এ সময় টিএসটি এলাকায় কমপক্ষে ১০ রাউন্ড গুলীর শব্দ শোনা গেছে। বিক্ষুব্ধ ছাত্রদের ছত্রভঙ্গ করার জন্য পুলিশ কাঁদানে গ্যাস নিক্ষেপ

৭-এর পাতায় দেখুন

## ক্যাম্পাসে ছাত্র—পুলিশ

প্রথম পৃষ্ঠার পর

করে। তবে কোন হতাহতের খবর পাওয়া যায়নি।

পুলিশ জানায় ঃ গত ২৭শে অক্টোবর ঢাকা বিশ্ববিদ্যালয়ে সংঘর্ষে নিহত মির্জা গালিব ও লিটন হত্যার অভিযোগে গতকাল রাতে মোশাররফ হোসেন রাজাকে ময়মনসিংহ রোডস্থ শাকুরা ভবনের সামনে থেকে গ্রেফতার করা হয়। গোয়েন্দা পুলিশের একটি বিশেষ দল গোপনসূত্রে খবর পেয়ে বিশেষ অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে।

রাত সোয়া আটটায় ছাত্রলীগ নেতা মোশাররফ হোসেন রাজাকে গ্রেফতার করলে একদল ছাত্রলীগ কর্মী গ্রেফতারের প্রতিবাদে ও রাজার মুক্তির দাবীতে বিক্ষোভ মিছিলসহ টিএসসি এলাকায় আসলে পরপর কমপক্ষে ১০ রাউন্ড গুলীর শব্দ শোনা যায়।

এক পর্যায়ে বিক্ষুব্ধ ছাত্র ও পুলিশের সাথে ধাওয়া পাল্টা ধাওয়া ও ইট-পাটকেল নিক্ষেপের পর পুলিশ কয়েক দফায় ছাত্রদের লক্ষ্য করে টিয়ার গ্যাস নিক্ষেপ করে। এ সময়ে টিয়ার গ্যাসের প্রতিক্রিয়ায় নীলক্ষেত থেকে শুরু করে বাংলা একাডেমী পর্যন্ত পথ চলা প্রায় অসম্ভব হয়ে পড়ে।

এ রিপোর্ট লেখা পর্যন্ত ক্যাম্পাসে থমথমে অবস্থা বিরাজ করছে। নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার পর গতরাতে প্রায় এক ঘন্টার মতো সময় ক্যাম্পাসে কোন রিকসা প্রবেশ করতে দেয়া হয়নি। প্রত্যেকটি প্রবেশদ্বারে কড়া পুলিশী প্রহরা মোতায়েন করলেও গভীর রাতে তা শিথিল করা হয়।